# এসএমসি নিউজ

একটি ত্রৈমাসিক প্রকাশনা

ইস্যু ২৯, এপ্রিল-জুন ২০১৯


SMC Live better


## “হ্যা আমরা করতে পারি কারণ আমরা এক দল” - এই সংকল্পে ফার্মা ডিভিশন

সম্প্রতি ঢাকায় এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের ফার্মাসিউটিক্যালস ডিভিশনের বার্ষিক সম্মেলন ২০১৮ অনুষ্ঠিত হয় “হ্যা আমরা করতে পারি কারণ আমরা এক দল” প্রতিপাদ্য নিয়ে। সম্মেলনে সারাদেশ থেকে মেডিকেল ইনফরমেশন অফিসারগণ অংশগ্রহণ করেন। এসএমসির ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান এবং এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আবদুল হক সম্মেলনের উদ্বোধন করেন। হেড অফ সেলস অ্যান্ড মার্কেটিং-ফার্মা, জনাব শেখ জাহিদুর রহমান স্বাগত বক্তৃতা প্রদান করেন। সম্মেলনে বিক্রয় ক্ষেত্রে বিশেষ অর্জনের জন্য বিভিন্ন ক্যাটেগরিতে সেরা বিক্রয় প্রতিনিধিদের স্বীকৃতি প্রদান করে পুরস্কৃত করা হয় এবং একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এসএমসির ম্যানেজমেন্ট ২০১৯ সালের জানুয়ারীতে ব্রেক-ইভেন অর্জনের জন্য ফার্মা টিমকে অভিনন্দন জানান এবং ২০১৯-২০ অর্থবছরের জন্য বিপণনের নির্দেশিকা প্রদান করেন। ২০১৯-২০ অর্থবছরের ব্যবসায়িক পরিকল্পনা ও লক্ষ্য উপস্থাপন করেন মার্কেটিং ম্যানেজার, ফার্মা, জনাব মোহাম্মদ মুশাররফ হুসাইন এবং ম্যানেজার, ফার্মা সেলস, জনাব সেলিম রেজা।




## স্বাস্থ্য খাতে আমাদের অবদান নাইজেরিয়ায় অনুষ্ঠিত আঞ্চলিক কর্মশালায় আলোচিত





ক্ষুদ্র ক্ষুদ্র বাণিজ্যিক ঔষধের দোকানগুলো দীর্ঘদিন ধরে স্বাস্থ্যসেবার প্রথম ধাপ হিসাবে স্বীকৃত হয়ে আসছে, বিশেষ করে যেখানে উন্নয়নশীল দেশের গ্রামাঞ্চলে স্বল্পসংখ্যক বেসরকারী বা সরকারী ক্লিনিক রয়েছে। বিষয়টি মাথায় রেখে “Partnering with Drug Shops & Pharmacies (DSP) to Strengthen Health Systems” শীর্ষক আঞ্চলিক কর্মশালা বিগত ৭ই মে, ২০১৯ তারিখে নাইজেরিয়ার আবুজায় অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্দেশ্য ছিল এর অংশগ্রহণকারীদের মধ্যে জ্ঞান ভাগাভাগি করতে সহায়তা করা, অগ্রাধিকার ভিত্তিতে চ্যালেঞ্জ এবং সহায়তার প্রকৃতি নির্ধারণ করা যার মাধ্যমে প্রতিটি দেশের ঔষধের দোকানসমূহ এবং ফার্মেসীগুলোর (ডিএসপি) মধ্যে নিবিড় সম্পর্ক গড়ে তোলা যেখানে প্রাথমিক পর্যায়ে দেশ-ভিত্তিক কর্মপরিকল্পনার অংশ হিসেবে ঘানা, লাইবেরিয়া, নাইজেরিয়া এবং উগান্ডার ডিএসপি সমূহের মধ্যে সুসম্পর্ক স্থাপন করা। ইউএসএআইডি, ডব্লিউএইচও, এলায়েন্স ফর হেলথ পলিসি এন্ড সিস্টেম রিসার্চ এবং ইমপ্লিমেন্টিং বেস্ট প্র্যাক্টিসেস সম্মেলিতভাবে এই আঞ্চলিক কর্মশালার আয়োজন করে। কর্মশালায় এসএমসি’র প্রতিনিধিত্ব করেন এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান এবং চীফ অফ প্রোগ্রাম অপারেশনস জনাব তছলিম উদ্দিন খান। তাঁরা উভয়ই সেখানে রিসোর্স পার্সন হিসেবে অংশগ্রহণ করেন। ডিএসপি’র বর্তমান অবস্থা, এক্ষেত্রে ক্রমবর্ধমান চাহিদা এবং এদের মধ্যে সমন্বয় সাধনের মূল বাধাসমূহ শীর্ষক প্যানেল আলোচনা কর্মশালায় একটি প্লেনারী সেশনের সভাপতিত্ব করেন জনাব মোঃ আলী রেজা খান যেখানে জনাব তছলিম উদ্দিন খান “Engaging DSP in the Public Health Program of Bangladesh” শীর্ষক একটি প্রেজেন্টেশন দেন। প্রেজেনটেশনে তিনি ব্লু-স্টার প্রোগ্রামের বিভিন্ন দিক, অভিজ্ঞতা এবং সমাজে এর অবদানের কথা তুলে ধরেন। এটি এই দেশগুলির জন্য কর্ম পরিকল্পনা প্রণয়নে কার্যকর ভূমিকা পালন করতে পারে।

## এসএমসি বৈঠক করলো নতুন দিনের পার্টনারদের সাথে

বিগত ২১ থেকে ২৩ মে, ২০১৯ তারিখে এসএমসি তিন ব্যাচে একটি দিনব্যাপী সাধারণ সমঝোতা বৈঠকের আয়োজন করে। এসএমসির পাঁচটি কমিউনিটি মোবিলাইজেশন পার্টনারদের (শিমান্তিক, সিডাব্লিউএফডি, পিএসটিসি, শচেতন এবং প্ল্যান ইন্টারন্যাশনাল) মোট ১১২ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন। এসএমসির ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান উপস্থিত থেকে অনুষ্ঠানের সভাপতিত্ব করেন। বৈঠক আয়োজনের উদ্দেশ্য ছিল নতুন দিন কমিউনিটি মোবিলাইজেশন কর্মসূচীর বাস্তবায়ন পদ্ধতি পর্যালোচনা এবং পার্টনারদের মাঠপর্যায়ের কর্মীদের থেকে সর্বাধিক ফলাফল পেতে পরস্পরের মধ্যে বোঝাপড়া বৃদ্ধিতে উৎসাহ প্রদান করা। সভায় আলোচ্য মূল বিষয়াদি ছিলো গুরুত্বপূর্ণ সূচক, বিভিন্ন লক্ষ্য গোষ্ঠীদের জন্য কমিউনিটি মোবিলাইজেশন কর্মসূচীর বর্তমান অবস্থা, গোল্ড স্টার সদস্যদের (জিএসএম) মাধ্যমে প্রোগ্রাম পণ্য বিক্রয়ের অবস্থা এবং মনিমিক্স ও জিংকসহ অতি গুরুত্বপূর্ণ প্রোগ্রাম পণ্যগুলির ডিটেইলিং-এর দক্ষতা বৃদ্ধি। বৈঠকে অংশগ্রহণকারীগণ



প্রোগ্রামের চ্যালেঞ্জ, বৈসাদৃশ্য এবং দুর্বলতা সহ প্রোগ্রামের বিভিন্ন সীমাবদ্ধতা অতিক্রম করার উপায়গুলি সনাক্ত করে। এছাড়াও তারা প্রোগ্রামের লক্ষ্য অর্জনের জন্য সর্বোত্তম অনুশীলনসমূহ এবং কাজের ফলাফল এবং গুণগতমানের বাড়ানোর জন্য প্রোগ্রাম কার্যক্রম পর্যালোচনা করেন। এসএমসির চিফ অফ প্রোগ্রাম অপারেশনস জনাব তছলিম উদ্দিন খান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## রিফ্রেশার ট্রেইনিং এর মাধ্যমে বিএসপিদের জ্ঞান বৃদ্ধি





সারাদেশ ব্যাপী স্বাস্থ্যসেবা খাতে পরিষেবা প্রদানের ক্ষেত্রে ব্লু-স্টার প্রোভাইডারগণ (বিএসপি) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এই দক্ষ সেবা প্রদানকারীগণ হচ্ছেন কমিউনিটি পর্যায়ের নন-গ্রাজুয়েট মেডিকেল প্র্যাক্টিশনার যারা এলাকার স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং পুষ্টির অবস্থার উন্নয়নের জন্য বিভিন্ন ধরনের জনস্বাস্থ্য পরিষেবা, পণ্য এবং টিবি ও এলএআরসি/এলএপিএম এর রেফারাল প্রদান করে থাকেন। বিএসপিদের জ্ঞান, দক্ষতা ও কর্মক্ষমতার উন্নয়নের মাধ্যমে নিয়মিতভাবে উন্নতমানের জনস্বাস্থ্য পরিষেবা নিশ্চিত করার জন্য এসএমসি নিয়মিতভাবে রিফ্রেশার ট্রেইনিং প্রদান করে থাকে। ২০১৯ অর্থবছরের ইউএসএআইডি-এমআইএসএইচডি কর্ম পরিকল্পনা অনুযায়ী, ২০১৯ সালের মার্চ-জুন মাসের মধ্যে বিভিন্ন ব্যাচে ২,০০০ ব্লু-স্টার প্রোভাইডারদেরকে ট্রেইনিং প্রদান করা হয়। "দি অবসটেট্রিক্যাল এন্ড গাইনোকলিজিক্যাল সোসাইটি অব বাংলাদেশ (ওজিএসবি)" নামের একটি প্রশিক্ষণ সংস্থা প্রশিক্ষণ অধিবেশনগুলি ফ্যাসিলিটেট করে। এসএমসির মাঠ পর্যায়ের অপারেশন টিমসমূহের সহায়তায় সারা বছর এই ইভেন্টগুলি পরিচালনা করে ব্লু-স্টার টিম।

## শিরিন খানমের জীবন পরিবর্তন করেছে এসএমসি



বেগম শিরিন খানম একজন এসএমসি ব্লু-স্টার প্রোভাইডার এবং বরিশাল শহরের স্টীমার ঘাটে তাঁর চেম্বার অবস্থিত। তিনি ২০০৯ সালে মিডওয়াইফারি কোর্স সম্পন্ন করেন এবং তিনি একটি মা ও শিশু স্বাস্থ্য ক্লিনিকে কর্মরত একজন অভিজ্ঞ নার্স। প্রাথমিক প্রশিক্ষণ পাবার পর তিনি ২০১৮ সালে এসএমসির ব্লু-স্টার পরিবারের সাথে যুক্ত হন। প্রতি মাসে তিনি প্রায় ৩০ জন ক্লায়েন্টকে সোমা-জেক্ট ইনজেক্টেবল প্রদান করেন এবং পাঁচ বছরের কম বয়সের শিশুদের জন্য ৩০ বাক্স মনিমিক্স মাইক্রোনিউট্রিয়েন্ট পাউডার বিক্রয় করেন।

ব্লু-স্টার প্রোগ্রামের আওতায় তাঁকে দেওয়া মৌলিক ও রিফ্রেশার প্রশিক্ষণ থেকে শিরিন তার জ্ঞান এবং দক্ষতা অর্জন করেছেন। এই দক্ষতাকে কাজে লাগিয়ে তিনি মানসম্পন্ন স্বাস্থ্যসেবা প্রদান করতে সক্ষম হচ্ছেন এবং ক্রমান্বয়ে এলাকার মধ্যে তাঁর ব্যাপক জনপ্রিয়তা বৃদ্ধি পাচ্ছে। যখন একজন মা তার ব্যক্তিগত স্বাস্থ্য সমস্যার জন্য তাঁর সাথে দেখা করেন, তখন শিরিন তার পাঁচ বছরের কম বয়সের সন্তানের জন্য মনিমিক্স সেবন করার পরামর্শ দেন। তিনি আশা করেন, এসএমসি তার ব্লু-স্টার নেটওয়ার্কের সেবা প্যাকেজ সম্প্রসারিত করবে এবং সে অনুযায়ী বিএসপিদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে বলেন যাতে তারা তাদের এলাকাতে আরও বেশি অবদান রাখতে সক্ষম হন। এসএমসি সক্রিয়ভাবে সারা দেশ জুড়ে শিরিন খানমের মতো সম্ভাব্য নারী ব্লু-স্টার প্রোভাইডারদের অনুসন্ধান করছে যাতে এই নেটওয়ার্কে মহিলা প্রদানকারীর অংশগ্রহণ বৃদ্ধি করা সম্ভব হয়।

## কাইজেনের সুবিধা ভোগ করছেন আমাদের কর্মীরা

৫এস এবং প্রসেস ইমপ্রুভমেন্ট এর উপর আলোকপাত করে কাইজেন (Kaizen) প্রশিক্ষণ বিগত ৮ই এপ্রিল ২০১৯ তারিখে এসএমসি হেড অফিসে অনুষ্ঠিত হয়। দুই মাসব্যাপী এই প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে এসএমসি ইএল এবং প্রথম সারির কাইজেন প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান "স্ট্রাটেজিক ট্রান্সফরমেশন কনসালটেন্টস (এসটিসি) লিমিটেড এই প্রশিক্ষণ প্রদান করেন। এই প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ছিল একটি সুসংগঠিত কর্মক্ষেত্র তৈরী করা এবং কর্মপদ্ধতিতে দক্ষতা ও অধিকতর কার্যকারিতা আনয়নের জন্য কাইজেনের ৫এস কৌশল এবং প্রসেস ইমপ্রুভমেন্ট কৌশল প্রয়োগ করা। এসএমসি এবং এসএমসি ইএল-এর হেড অফিসের মোট ২৩৭ জন অংশগ্রহণকারী এই প্রশিক্ষণ কর্মসূচীতে যোগদান করেন। এর আগে, এসটিসি লিমিটেড ২০১৮ সালে ভালুকা (ওআরএস ফ্যাক্টরি) এবং কুমিল্লার (হেলথ এন্ড হাইজিন ফ্যাক্টরি) কর্মচারীদেরকে ছয় মাসব্যাপী কাইজেন প্রশিক্ষণ প্রদান করেন।



## নারী ক্ষমতায়নে এসএমসির অবদান প্রশংসিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এমপি, নারী-পুরুষের সমতা আনয়নে সরকারের ভূমিকা নিয়ে বক্তব্য রাখার সময়ে নারী স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি চর্চা বৃদ্ধির ক্ষেত্রে এসএমসির অবদানের ভূয়সী প্রশংসা করেন। তিনি গত ১৩ই এপ্রিল ২০১৯ তারিখে মেহেরপুর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে স্যানিটারি ন্যাপকিন বিতরণের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃব্য রাখার সময়ে একথা বলেন। এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের কুষ্টিয়া শারমিন আক্তার জেরিন অতিথি বক্তা হিসেবে দর্শকদের সাথে ব্যক্তিগত স্বাস্থ্যবিধি এবং মাসিক ব্যবস্থাপনা সম্পর্কে তার অভিজ্ঞতা বিনিময় করেন। অনুষ্ঠানে ছয়টি উচ্চ বিদ্যালয় এবং একটি মাদ্রাসার প্রায় ৩,০০০ ছাত্রী এবং ৫০০ অভিভাবক উপস্থিত ছিলেন। মাননীয় প্রতিমন্ত্রী এবং তাঁর সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম শিক্ষার্থীদের মধ্যে জয়া স্যানিটারি ন্যাপকিন বিতরণ করেন এবং মাসিক চলাকালে এই পণ্য ব্যবহার করার জন্য সকল ছাত্রীদেরকে পরামর্শ দেন। অনুষ্ঠানে এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডকে





এরিয়া অফিস, স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের সাথে ব্যক্তিগত স্বাস্থ্যবিধি এবং মাসিক ব্যবস্থাপনার উপর অনুষ্ঠিত অধিবেশনটি পরিচালনা করে।

মেহেরপুর সদর উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত এই অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুরের ডেপুটি কমিশনার (ডিসি), জনাব আতাউল গনি; পুলিশ সুপার, মেহেরপুর, জনাব মোস্তাফিজুর রহমান, পিপিএম; উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও), জনাব মোঃ মাসুদুল আলম ও মেহেরপুর সদর উপজেলার অধীনের সাত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ। কুষ্টিয়া মেডিকেল কলেজের মেডিকেল অফিসার ডাঃ প্রতিনিধিত্ব করেন সেলস ম্যানেজার, কুষ্টিয়া, জনাব মোঃ আনোয়ারুল ইসলাম এবং তাঁর টিম। মেহেরপুর সদর উপজেলার ৪৩টি উচ্চ বিদ্যালয় এবং ১১টি মাদ্রাসার ছাত্রীদের মাঝে বিতরণের জন্য এসএমসি ইএলের কুষ্টিয়া এরিয়া সেলস টিম ইউএনওর নিকট মেহেরপুর সদর উপজেলার অধীনের ৪৩টি উচ্চ বিদ্যালয় এবং ১১টি মাদ্রাসার ছাত্রীদের মাঝে বিতরণ করবার জন্য জয়া বেল্ট-৮ এর ১২,৯৮৭টি প্যাকেট হস্তান্তর করেন। অনুষ্ঠানটি বিটিভি সহ বিভিন্ন স্থানীয় ও জাতীয় প্রিন্ট এবং ইলেক্ট্রনিক মিডিয়াতে সম্প্রচারিত হয়।

## বগুড়ার মেলায় এসএমসির স্টলে দর্শকদের উপচে পড়া ভিড়



বাংলা ১৪২৬ সালের পাহেলা বৈশাখ উদযাপন উপলক্ষে সাত দিন ব্যাপী বৈশাখী মেলা বিগত ১৪-২০ এপ্রিল, ২০১৯ তারিখে বগুড়ার আলতাফুন্নেসা মাঠে অনুষ্ঠিত হয়। মেলায় বগুড়া এরিয়া সেলস টিম অংশগ্রহণ করে; যেখানে এসএমসি স্টলে বিপুল সংখ্যক দর্শকের সমাগম হয়। সেলস টিমের সদস্যগণ তাদের পরিবারের সঙ্গে মেলায় অংশগ্রহণ করেন। প্রায় ৭,০০০ থেকে ৮,০০০ দর্শক এসএমসির রিফ্রেশিং ড্রিঙ্ক “টেস্ট মি” এর স্বাদ বিনামূল্যে গ্রহণ করেন এবং প্রায় ৩,০০০ স্যাশেট বিক্রয় করা হয়। এছাড়াও এসএমসির স্টল বোল্ট, ওরস্যালাইন-এন, জয়া এবং মনিমিক্স-এর প্রচারণা চালায়। হেড অফ রিজিওন, নর্থ ডিভিশন, জনাব কাজী মোঃ জাফরুল্লাহ এবং বগুড়া এরিয়া অফিসের এরিয়া ম্যানেজার, জনাব আবুল হায়াত মোঃ কামাল তাঁদের উপস্থিতির মাধ্যমে সেলস টিমকে অনুপ্রাণিত করেন।


## ‘টেস্ট মি’ সতেজ করলো বেড়া মডেল থানাকে

সম্প্রতি এসএমসি ইএল-এর রাজশাহী এরিয়া অফিস ‘টেস্ট মি’ ব্র্যান্ড রিফ্রেশিং ড্রিংক প্রচারের জন্য একটি অ্যাক্টিভেশন প্রোগ্রামের আয়োজন করে। উক্ত কর্মসূচী পাবনা জেলার বেড়া উপজেলায় বেড়া মডেল থানায় অনুষ্ঠিত হয়। অতিরিক্ত পুলিশ সুপার, বেড়া সার্কেল, জনাব শেখ জিল্লুর রহমান অনুষ্ঠানের প্রধান অতিথি এবং ওসি, তদন্ত, বেড়া মডেল থানা, জনাব মোঃ খাইরুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি এসএমসির ‘টেস্ট মি’ ব্র্যান্ড প্রচারের জন্য একটি চমৎকার প্ল্যাটফর্ম ছিলো। সেশনের শেষে এসএমসির পক্ষ থেকে বেড়া মডেল থানার সব সদস্যদেরকে ‘টেস্ট মি’ রিফ্রেশিং ড্রিংক খেতে দেয়া হয় এবং প্রত্যেককে উপহার হিসাবে ২০০ গ্রামের একটি করে ‘টেস্ট মি’ দেয়া হয়। এই কর্মসূচীটি খুব সফল ছিল এবং পুলিশ সদস্যগণ আমাদের পণ্য সম্পর্কে জানতে পেরে অনেক খুশী হয়েছেন। জনাব মোঃ রফিকুল ইসলাম, সিনিয়র টেরিটরি সেলস অফিসার, পাবনা, অনুষ্ঠানটি পরিচালনা করেন।



জনপ্রিয় অভিনেত্রী নুসরাত ফারিয়া বিগত ১৯শে মে ২০১৯ তারিখে এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের সাথে জয়া স্যানিটারি ন্যাপকিনের ব্র্যান্ড এ্যাম্বাসেডর হিসাবে চুক্তিবদ্ধ হন। মিস ফারিয়া বিভিন্ন টেলিভিশন কমার্সিয়াল এবং প্রমোশনাল ক্যাম্পেইনের মাধ্যমে স্যানিটারি ন্যাপকিনের ব্যবহার ও সচেতনতা গড়ে তোলার জন্য কাজ করবেন। জনাব খন্দকার শামীম রহমান, অতিরিক্ত মহাব্যবস্থাপক, মার্কেটিং এসময়ে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।







সম্প্রতি এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড শীর্ষ অভিনেতা এবং সুপারস্টার সাকিব খানকে এসএমসির বিখ্যাত ব্র্যান্ড ওরস্যালাইন-এন এর পণ্যদূত হিসেবে এক বছরের জন্য চুক্তি স্বাক্ষর করে। গত ৭ই মার্চ ২০১৯ তারিখে ঢাকায় এসএমসির প্রধান কার্যালয়ে এই চুক্তি সই করা হয়।

২০১৯ সালের এপ্রিল মাসে পহেলা বৈশাখ (বাংলা নববর্ষ) উপলক্ষে দৈনিক প্রথম আলোতে এসএমসি'র জয়া স্যানিটারি ন্যাপকিনের পক্ষ থেকে "সাদা পরো বাধাহীন" নামক একটি প্রেস ক্যাম্পেইন প্রকাশিত হয়।




## আইসিসি বিশ্বকাপে আমাদের ব্র্যান্ডের সক্রিয় উপস্থিতি

আইসিসি ক্রিকেট বিশ্বকাপ ২০১৯ গত ৩০শে মে হতে ১৪ই জুলাই পর্যন্ত ইংল্যান্ড এবং ওয়েলস এ অনুষ্ঠিত হয়। বাংলাদেশের দুটি স্যাটেলাইট টিভি চ্যানেল (মাছরাঙা ও গাজী টিভি) এই টুর্নামেন্ট সরাসরি সম্প্রচার করে। এসএমসির বিভিন্ন ব্র্যান্ডের পণ্য সামগ্রীর টিভি কমার্শিয়াল (পপ-আপ ব্র্যান্ডিং সহ) এই দুটি চ্যানেলে টুর্নামেন্ট চলাকালীন সময়ে প্রচার করা হয় যার মাধ্যমে আমাদের ব্র্যান্ডসমূহ বিপুল সংখ্যক দর্শকের দৃষ্টি আকর্ষণ করে।

ICC CRICKET WORLD CUP ENGLAND & WALES 2019

## উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে পহেলা বৈশাখ উদযাপিত



বাংলা ১৪২৬ সালের প্রথম দিন পহেলা বৈশাখ বিগত ১৪ই এপ্রিল ২০১৯ তারিখে ঐতিহ্যবাহী উৎসব ও উদ্দীপনার মাধ্যমে সারাদেশে উদযাপন করা হয়। দিনটি ছিলো সরাকারী ছুটির দিন। এসএমসিও দিনটিকে স্মরণ করে এবং এর পরের দিন ঢাকায় তার প্রধান কার্যালয়ে একটি জমকালো অনুষ্ঠানের মাধ্যমে দিনটিকে উদযাপন করে। অনুষ্ঠানে এসএমসি ও এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের কর্মীবৃন্দ অংশগ্রহণ করেন। অন্যান্যের মধ্যে এসএমসির ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান এবং এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব আবদুল হক সকল এমপ্লয়ীদেরকে অভিনন্দন এবং শুভ ও সমৃদ্ধশালী নতুন বছরের কামনায় শুভেচ্ছা জ্ঞাপন করেন। ১৫৫৬ খ্রীস্টাব্দে মুঘল সম্রাট আকবর বাংলা পঞ্জিকা চালু করার পর থেকে পহেলা বৈশাখের উদযাপন বাঙালি সংস্কৃতির একটি অবিচ্ছেদ্য অংশ হিসেবে গড়ে উঠেছে।

প্রধান সম্পাদকঃ মোঃ আলী রেজা খান; প্রকাশনা ও সার্কুলেশনঃ কর্পোরেট এ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট; কৃতজ্ঞতাঃ সকল বিভাগকে তথ্য দিয়ে সহযোগীতার জন্য; ঠিকানাঃ এসএমসি টাওয়ার, ৩৩ বনানী বা/এ, রোড - ১৭, ঢাকা-১২১৩, বাংলাদেশ।
পিএবিএক্সঃ +(৮৮০২) ৯৮২১০৭৪-৮০, ৯৮২১০৯০, ৯৮২১০৯৩, ওয়েবসাইটঃ www.smc-bd.org